

প্রেস রিলিজ  
তারিখঃ ২১ এপ্রিল ২০২৫

## বাউবিতে 'উন্মুক্ত ও দূরশিক্ষণের জন্য মিডিয়া ও ডিজিটাল প্রোডাকশন কৌশল' বিষয়ক প্রশিক্ষণ শুরু

কমনওয়েলথ এডুকেশনাল মিডিয়া সেন্টার ফর এশিয়া (CEMCA), ইন্ডিয়া এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (BOU) এর যৌথ উদ্যোগে 'উন্মুক্ত ও দূরশিক্ষণের জন্য মিডিয়া ও ডিজিটাল প্রোডাকশন কৌশল' বিষয়ক ২১ এপ্রিল থেকে ২৪ এপ্রিল পর্যন্ত চারদিনব্যাপী এক প্রশিক্ষণ প্রোগ্রাম আজ ২১ এপ্রিল ২০২৫ তারিখ সোমবার সকাল ১১:০০ টায় বিশ্ববিদ্যালয়ের গাজীপুরস্থ ক্যাম্পাসে মিডিয়া সেন্টারের প্রিভিউ থিয়েটারে শুরু হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে প্রশিক্ষণ প্রোগ্রামের উদ্বোধন করেন, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম। তিনি বলেন, ডিজিটাল প্রোডাকশন বর্তমানে শিক্ষা ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এটি এমন পণ্য যা সম্পূর্ণ ডিজিটাল ফরমেটে তৈরি হয় এবং অনলাইনের মাধ্যমে সহজে বিতরণ করা যায়। উদাহরণস্বরূপ, ই-বুক, অনলাইন কোর্স, সফটওয়্যার, টেমপ্লেট এবং গ্রাফিক ডিজাইন প্রোডাকশন ইত্যাদি। ডিজিটাল প্রোডাকশন কৌশল সবচেয়ে বড় সুবিধা হলো এটি একবার তৈরি করে অসংখ্যবার প্রয়োজনমত ব্যবহার করা যায়। উন্মুক্ত ও দূরশিক্ষণ ব্যবস্থার ক্ষেত্রে এটি কম খরচে বৃহৎ পরিসরে জ্ঞান পিণ্ডা জনগণের কাছে পৌঁছানোর সুযোগ তৈরি করে। ব্যক্তিগত দক্ষতা বিকাশের জন্যও ডিজিটাল প্রোডাকশন অত্যন্ত গুরুত্বপূর্ণ। ডিজিটাল প্রোডাকশন কৌশল বিষয়ে প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে অংশগ্রহণকারী শিক্ষক ও কর্মকর্তারা অর্জিত বাস্তব জ্ঞান নিজ নিজ কর্মক্ষেত্রে কাজে লাগিয়ে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়কে কাজিখিত লক্ষে পৌঁছাতে সহায়ক ভূমিকা রাখবে। বাউবির বহুমুখী শিক্ষাব্যবস্থা বাস্তবায়নে এ ধরনের প্রশিক্ষণ কর্মশালা নতুন দ্বার উন্মোচন করবে বলেও উপাচার্য আশাবাদ ব্যক্ত করেন।

বাউবির উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক সাজিদ ফেরদৌস এর সভাপতিত্বে অনুষ্ঠিত প্রশিক্ষণ প্রোগ্রামের উদ্বোধনী অনুষ্ঠানে আরও বক্তব্য প্রদান করেন, বাউবির ট্রেজারার অধ্যাপক ড. আবুল হাসনাত মোঃ শামীম, রিসোর্স পার্সন ভারতের ইন্দিরা গান্ধি ন্যাশনাল ওপেন ইউনিভার্সিটি EMPC এর পরিচালক ড. কুমার ধর্মেন্দ্র প্রসাদ ও ইন্দিরা গান্ধি ন্যাশনাল ওপেন ইউনিভার্সিটি EMPC এর প্রযোজক ডঃ যতিন্দর জিত কৌর। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন, বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. মহা: শফিকুল আলম।

ইন্দিরা গান্ধি ন্যাশনাল ওপেন ইউনিভার্সিটি EMPC এর পরিচালক ড. কুমার ধর্মেন্দ্র প্রসাদ তাঁর বক্তব্যে বলেন, আমাদের দেখতে হবে, আমাদের যে বিনিয়োগ আছে এবং তাদেরকে ভবিষ্যতে সমাজের সেবা করার জন্য একটি পূর্ণাঙ্গ পণ্য হিসেবে তৈরি করতে হবে। তাই আমি এটাই খুঁজছি এবং তারপর উহ কী উদ্দেশ্য ভারতে আমাদের সাথে আমরা RTI সম্পর্কে কথা বলি। আমি সেখান থেকে ইঙ্গিত নিচ্ছি সেখান থেকে যে RTI ২০০৫ সালে ভারতে এসেছিল। এখন সমাজে স্বচ্ছতা আনা এবং RTI সম্পর্কে আমি যা বলতে যাচ্ছি তা হচ্ছে, আমরা রেডিও টেলিভিশন এবং ইন্টারনেট সম্পর্কে কথা বলছি। রেডিও, টেলিভিশন এবং ইন্টারনেট সম্পর্কে যে কথা বলছি, এই তিনটিই আমাদের জন্য অপরিহার্য ও চলমান। শিক্ষার্থীদের শেখার অনুশীলনের গতি বজায় রাখার জন্য এবং তারপর কীভাবে তা দেখতে হবে এ সম্পর্কে সম্যক ধারণা লাভ করে আমাদেরকে উন্মুক্ত ও দূর শিক্ষণ শিক্ষা ব্যবস্থাকে এগিয়ে নিতে হবে। মিডিয়া এবং ডিজিটাল প্রোডাকশন কৌশলের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা সেবাকে শিক্ষার্থীদের কাছে পৌঁছে দিতে হবে বলেও তিনি অভিমত ব্যক্ত করেন।

অনুষ্ঠানে ধন্যবাদ জ্ঞাপন করেন, মিডিয়া বিভাগের ভারপ্রাপ্ত পরিচালক শরীফ মোঃ শাহাবুদ্দীন। অনুষ্ঠান সঞ্চালনা করেন, মিডিয়া বিভাগের সিনিয়র ভিডিও স্পেশালিস্ট সোহেল আহমেদ। বিশ্ববিদ্যালয়ের ৬টি স্কুলের ২৪ শিক্ষক এবং মিডিয়া ও কম্পিউটার বিভাগের ২৪ জন কর্মকর্তা এ প্রশিক্ষণ প্রোগ্রামে অংশগ্রহণ করেন।



মোঃ খালেজুজ্জামান খান  
পরিচালক (ভারপ্রাপ্ত)  
মোবাইলঃ ০১৭১১২০৭৬৯৮